

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩
৩৭/৩/এ, ইন্সটনর্গাডনে রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৬২.১৮-১১০

তারিখ: ১২.০৬.২০১৮খ্রি:।

বিষয়: দিনাজপুর জেলার বিরামপুর উপজেলাধীন কাটলা ইসলামিয়া দাখিল মাদরাসার ভারপ্রাপ্ত সুপার এর স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার এর প্রতি স্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির (এম পি ও) বিল উত্তোলনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) কাটলা ইসলামিয়া দাখিল মাদরাসার আবেদন

তারিখ: ১২.০৬.২০১৮খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭

তারিখ: ২৩.০৬.২০১৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে ভারপ্রাপ্ত সুপার, কাটলা ইসলামিয়া দাখিল মাদরাসা কর্তৃক এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, বিষয়োক্ত মাদরাসার ম্যানেজিং কমিটির মেয়াদ ০৭.০৩.২০১৮ খ্রি: তারিখে শেষ হয়ে যায়।

০২. মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক মাদরাসা শিক্ষা বোর্ডের বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি ২০১৮ গঠনের কার্যক্রম শুরু করলে নির্বাচনের কয়েকদিন পূর্বে ভোটার তালিকা সংশোধন চেয়ে দিনাজপুর বিরামপুর সহকারী জজ আদালতে একটি মামলা হয় যার নম্বর ০৫/১৮।

০৩. এডহক কমিটি গঠন ও অনুমোদন না হওয়া পর্যন্ত অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলন সম্ভব হচ্ছে না। তাই অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন বিলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃপক্ষ প্রতিস্বাক্ষর করার অনুমতি দানের জন্য ভারপ্রাপ্ত সুপার কর্তৃক আবেদন করা হয়েছে।

০৪. সূত্রোক্ত ২ নং স্মারক মোতাবেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠাসমূহে ম্যানেজিং কমিটি/গর্ভনিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে) এবং সুপারের অবর্তমানে সহকারী সুপার এর স্বাক্ষরে শিক্ষকদের বেতন-ভাতাদি উত্তোলনের নিমিত্ত জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির(এমপিও) বিলে প্রতিস্বাক্ষরের বিধান রয়েছে।

০৫. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে কাটলা ইসলামিয়া দাখিল মাদরাসায় নিয়মিত কমিটি/এডহক কমিটি না থাকায় মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির(এমপিও) বিল ভারপ্রাপ্ত সুপার এর স্বাক্ষরে এবং সূত্রোক্ত ২ নং স্মারক আদেশ মোতাবেক উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে উত্তোলন হওয়া প্রয়োজন।


০৬. এমতাবস্থায় দিনাজপুর জেলার বিরামপুর উপজেলাধীন কাটলা ইসলামিয়া দাখিল মাদরাসার নিয়মিত ম্যানেজিং কমিটি/এডহক কমিটি পুনরায় গঠিত না হওয়া পর্যন্ত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির(এমপিও) বিলে প্রতিস্বাক্ষর করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং একই সঙ্গে বর্ণিত মাদরাসায় দ্রুততম সময়ের মধ্যে ম্যানেজিং কমিটি গঠন ও সুপার নিয়োগের কার্যক্রম শুরু করার জন্য ভারপ্রাপ্ত সুপারকে নির্দেশনা দেয়া হলো।

১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২. ভারপ্রাপ্ত সুপার, কাটলা ইসলামিয়া দাখিল মাদরাসা

ডাকঘর: কাটলাহাট, উপজেলা: বিরামপুর

জেলা: দিনাজপুর।



(মোহাম্মদ শামসুজ্জামান)

উপ-পরিচালক(অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ফোন: ৪১০৩০১৬৪

ই-মেইলঃ ddfinancedme@gmail.com

অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।

২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর।

৩. অফিস কপি।